...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২৩ জুলাই ২০২০ খ্রি:
সভার সময়	সন্ধ্যা: ০৭.৩০ মিনিট
স্থান	zoom app এর মাধ্যমে অনলাইনে
উপস্থিতি	“ক”

সভাপতি ট্রাস্টের এফডিআর এর কাজ সুষ্ঠভাবে সম্পাদনের জন্য অর্থ ও হিসাব শাখার কর্মকর্তা ও কর্মচারীর প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন।

২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ২১ জুন ২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	করোনা ভাইরাসজনিত বিদ্যমান পরিস্থিতিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরবর্তী নির্দেশনা না আসা পর্যন্ত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সীমিত পরিসরে অফিস চালু রাখার বিষয়ে আলোচনা হয়।	(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরবর্তী নির্দেশনা না আসা পর্যন্ত সীমিত পরিসরে রোস্টার ডিউটি অনুযায়ী ট্রাস্টের কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ অফিসে উপস্থিত থেকে দায়িত্ব পালন করবেন। তবে কাজ থাকলে প্রয়োজনমাফিক অফিসে উপস্থিতি থেকে কাজ সমাধা করতে হবে। (খ) ট্রাস্টের সকল সভা জুম এ্যাপের মাধ্যমে ভার্চুয়ালি অনুষ্ঠিত হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী

২.	করোনা ভাইরাসজনিত সংক্রমণ রোধ ও ডেঙ্গু প্রতিরোধে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম ও জীবাণুনাশকের ব্যবহার অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট অফিসে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রেখে নিয়মিত জীবানুনাশক ব্যবহার করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৩.	ট্রাস্টের উপদেষ্টা পরিষদের ৬ষ্ঠ সভা এবং ট্রাস্টি বোর্ডের ১০ম সভার সিদ্ধান্তগুলোর বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা হয়।	(ক) প্রয়োজনে আরেকটি সভা অনুষ্ঠানের মাধ্যমে "দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নীতিমালা" এবং "দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তার নীতিমালা" সংশোধনের কাজ চূড়ান্ত করতে হবে। (খ) ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ সংশ্লিষ্ট বিধিবিধান অনুসরণপূর্বক "ব্যবস্থাপনা পরিচালকের স্বেচ্ছাধীন তহবিল" পরিচালনার খসড়া নীতিমালা প্রণয়নের কাজ শুরু করবেন। (গ) ট্রাস্টি বোর্ড ও উপদেষ্টা পরিষদের আরেকটি সভা আয়োজন করা যায় কি না চেষ্টা করতে হবে।	উপ পরিচালক ও সহকারী পরিচালক (সকল) সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৪.	সহকারী পরিচালক (উপবৃত্তি) জানান, ট্রাস্ট কর্তৃক উপবৃত্তির জন্য বিকাশ-কে প্রেরিত চূড়ান্ত তালিকার মধ্যে থেকে ১০টি কলেজের ৫৯৯ জন শিক্ষার্থীর একাউন্ট খোলা সম্ভব হয়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	উপবৃত্তি প্রাপ্তির জন্য প্রথম তালিকায় অন্তর্ভুক্ত ১০ টি কলেজের ৫৯৯ জন শিক্ষার্থীর আবেদন যাচাই বাছাই করে উপবৃত্তি প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি)
৫.	২০২০ সালে উপবৃত্তি প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীদের তথ্য সংগ্রহের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিষয়ে আলোচনা হয়।	আগামী ৩০ জুলাই ২০২০ তারিখের মধ্যে উপবৃত্তি প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীদের তথ্য সংগ্রহের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি) এবং প্রোগ্রামার

৬.	সকল উপবৃত্তি ট্রাস্টে স্থানান্তর কার্যক্রমের অংশ হিসেবে ৬টি কক্ষ বরাদ্দের ব্যবস্থা গ্রহনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে যে পত্র প্রেরন করা হয়েছে তার পরবর্তী অগ্রগতির বিষয়ে আলোচনা হয়।	চিঠি প্রেরণ পরবর্তী কাজের অগ্রগতি মনিটরিং করতে হবে এবং ফোনে যোগাযোগ করে এ বিষয়ে কাজ এগিয়ে নিতে হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি)
৭.	উপবৃত্তি ও আর্থিক সহায়তা প্রদান পরবর্তী ইমপ্যাক্ট স্টাডির বিষয়ে আলোচনা হয়।	পবিত্র ঈদ-উল আজহার পরে ট্রাস্ট কর্তৃক উপবৃত্তি ও আর্থিক সহায়তা প্রদান পরবর্তী ইমপ্যাক্ট স্টাডির ব্যাপারে বেনবেইজের সাথে যোগাযোগ করতে হবে।	উপ পরিচালক
৮.	বিভাগীয়/জেলা পর্যায়ের কর্মশালাগুলো জুম অ্যাপের মাধ্যমে আয়োজন করা যায় কিনা সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	বিভাগীয়/জেলা পর্যায়ের কর্মশালাগুলো জুম অ্যাপের মাধ্যমে অনুষ্ঠানের আয়োজন করা যায় কিনা তা সংশ্লিষ্ট অংশীজনদের সাথে যোগাযোগ করে ব্যবস্থা নিতে হবে।	উপ পরিচালক
৯.	করোনা ভাইরাসজনিত বিদ্যমান পরিস্থিতিতে APA শুদ্ধাচার ও ইনোভেশন সংক্রান্ত প্রতিবেদন সরাসরি মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণের সরকারি সিদ্ধান্তের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	(ক) যা বাস্তবায়ন করা যাবে না এমন কোন লক্ষ্যমাত্রা APA-তে দেয়া যাবে না। (খ) প্রযুক্তির সাহায্যে জুম অ্যাপের মাধ্যমে ট্রাস্টের অভ্যন্তরীণ প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

১০.	ট্রাস্টের প্রোগ্রামার সভায় জানান, ই-স্টাইপেন্ড সফটওয়্যার চালু করার জন্য বাল্ক এসএমএস ক্রয়ের প্রক্রিয়া সম্পর্কে জানার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ে যোগাযোগ করা হয়েছে। সফটওয়্যার সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তির আলোকে উক্ত মন্ত্রণালয়গুলো সংশ্লিষ্ট সফটওয়্যার সরবরাহকারী প্রতিষ্ঠানের কাছ থেকে বাল্ক এসএমএস সংগ্রহ করেছে। প্রোগ্রামার আরো জানান, সিনেসিস আইটির সাথে আমাদের এ ধরনের কোন চুক্তি না থাকায় কোটেশনের মাধ্যমে বাল্ক এসএমএস ক্রয় করা যেতে পারে।	কোটেশনের মাধ্যমে বাল্ক এসএমএস ক্রয় করা হবে।	প্রোগ্রামার
১১.	১৫ই আগস্ট জাতীয় শোক দিবস পালনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	(ক) যথাযোগ্য মর্যাদায় স্বাস্থ্যবিধি অনুরসণপূর্বক ১৫ আগস্ট ২০২০ তারিখ সকাল ০৭.০০ টায় ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হবে। (খ) সকাল ১০.০০ টায় জাতীয় শোক দিবস উপলক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

১২.	করোনা ভাইরাস জনিত সংক্রমণ রোধকল্পে আসন্ন ঈদ-উল আজহার সরকারী বা ঐচ্ছিক ছুটিতে সরকারি/বেসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের আবশ্যিকভাবে কর্মস্থলে অবস্থান করতে জনপ্রশাসন মন্ত্রণালয় গত ১৩ জুলাই ২০২০ তারিখে যে নির্দেশনা জারি করেছে তার আলোকে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের জন্য একটি অফিস আদেশ জারি করার বিষয়ে আলোচনা হয়।	আসন্ন ঈদ-উল আজহার সরকারি বা ঐচ্ছিক ছুটিতে ট্রাস্টের সকল কর্মকতা/কর্মচারিকে আবশ্যিকভাবে কর্মস্থলে অবস্থান করতে হবে। এ সংক্রান্ত একটি অফিস আদেশ জারি করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.৭৯ তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৭
২৮ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৫) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৭) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৯) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan

রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক